

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ  
(সংস্থাপন শাখা)  
[www.naogaon.gov.bd](http://www.naogaon.gov.bd)

জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ-এ র কার্যালয়ের সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে ২য় কোয়ার্টারের জন্য পুনর্গঠিত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মুহাম্মাদ ইব্রাহীম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ
সভার স্থান	: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ এর অফিস কক্ষ
সভার তারিখ ও সময়	: ১০ অক্টোবর ২০২২
সময়	: বেলা ১২ :০০ ঘটিকা
সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা	: পরিশিষ্ট- "ক"

সভাপতি সেবাপ্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নের লক্ষ্যে ২য় কোয়ার্টারের জন্য পুনর্গঠিত কমিটির সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সেবা গ্রহীতাদের প্রাপ্য সেবা দ্রুততম সময়ে প্রদান নিশ্চিত করতে বলা হয়েছে। সরকারি কর্মচারী হিসাবে দ্রুততম সময়ে সেবাপ্রার্থীর সেবা প্রদানে আমরা দায়বদ্ধ। সরকার সুশাসন নিশ্চিতকল্পে সরকারি দপ্তরে কার্যসম্পাদনের নীতি নৈতিকতার বিভিন্ন মানদণ্ড প্রণয়ন করেছেন। সকলকে বিষয়গুলো মেনে চলতে হবে।

অতঃপর মন্ত্রিপরিষদ বিভাগের সুশাসন অধিশাখার ১৭/০৮/২০২২ তারিখের ০৪.০০.০০০০.৮১১.২৯.০৭৮.২১.২০১ নং স্মারকে ২০২২-২৩ অর্থ বছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)' কর্মপরিকল্পনা সংক্রান্ত নির্দেশিকার নির্দেশনা বাস্তবায়ন করতে হবে।


২। ২০২২-২৩ অর্থ বছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)' সম্পর্কে বিশদভাবে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	সিটিজেন চার্টার ২০২২ সম্পর্কে আলোচনা	এ কার্যালয়ের সকল শাখা, উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি)গণ নিজ নিজ দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করতঃ ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। এ কার্যালয়ের বিদ্যমান সিটিজেন চার্টার পর্যালোচনা করা হলো। বর্তমানে নতুন কোন বিষয় সংযোজন করার মত কোন তথ্য নাই। আগামীতে প্রণীত সিটিজেন চার্টারে কোন বিষয় অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা দেখা দিলে সে তথ্য লিখিতভাবে জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নওগাঁ ২। জেসিও/এনডিসি/আরডিসি/এলএও নওগাঁ কালেক্টরেট ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নওগাঁ ৪। সহকারী কমিশনার (সকল)শাখা, নওগাঁ কালেক্টরেট ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নওগাঁ। ৬। প্রশাসনিক কর্মকর্তা, নওগাঁ কালেক্টরেট, নওগাঁ।
০২	ওয়েবসাইট হালনাগাদকরণ সম্পর্কে আলোচনা	জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ও উপজেলা ভূমি অফিসের ওয়েবসাইট পর্যালোচনায় দেখা যায় অধিকাংশ উপজেলা নির্বাহী অফিসারের ও উপজেলা ভূমি অফিসের ওয়েবসাইট হালনাগাদ করা নেই। সহজে ও দ্রুততম সময়ে সেবা/তথ্য সরবরাহ করার লক্ষ্যে স্ব স্ব দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার(ভূমি)গণকে অনুরোধ করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), নওগাঁ। ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নওগাঁ ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নওগাঁ ৪। প্রোগ্রামার, তথ্য অধিদপ্তর, জেলা কার্যালয়, নওগাঁ

চলমান পাতা-০২

০৩	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	২০২২-২৩ অর্থ বছরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)' কর্মপরিকল্পনা সংক্রান্ত নির্দেশিকার ২.১ অনুচ্ছেদের আলোকে সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন/বিধি-বিধান বিষয়ে কর্মচারীদের দক্ষ করে গড়ে তোলার জন্য আগামী নভেম্বর/ডিসেম্বর মাসে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালার আয়োজন করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), নওগাঁ। ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নওগাঁ ৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নওগাঁ
----	--	---	--

০৩। অতঃপর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


  
 (মুহাম্মাদ ইব্রাহীম)  
 অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ  
 ও  
 সভাপতি  
 সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি

নম্বর ০৫.৪৩.৬৪০০.১১৪.১৪.০২২.২২-৫৪১

তারিখঃ ২৫/০৬/১৪২৯  
১০/১০/২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার,----- (সকল), নওগাঁ।
- ৫। রেভিনিউ ডেপুটি কালেক্টর/নেজারত ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/জেনারেল সার্টিফিকেট অফিসার, নওগাঁ।
- ৬। সহকারী কমিশনার(ভূমি), ..... সকল),
- ৭। সহকারী কমিশনার,..... শাখা(সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
- ৮। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ। তাঁকে কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
- ৯। প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।

  
 অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
 নওগাঁ।